



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

বেনাপোল স্থলবন্দর

বেনাপোল, যশোর।



মুজিবুর হোসেন

স্মারক নং- ১৮.১৫.৪১৯০.০২৫.০০.২৮৬.২১- (৬৬০)

তারিখ: ০৪ আগস্ট, ১৪২৮
১৯ সেপ্টেম্বর, ২০২১

বিষয়: বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষে নৈতিকতা কমিটির ৪র্থ সভা ও সচেতনতামূলক ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে করণীয় প্রসঙ্গে।

সূত্র: বাস্তবকের গত ২৩-০৮-২০২১ খ্রি: তারিখের ১৮.১৫.০০০০.০২২.০২.০০৮.২১-১৬৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুকাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রধান দপ্তরে গত ২৯-০৬-২০২১ খ্রি. তারিখে নৈতিকতা কমিটির ৪র্থ সভা এবং সচেতনতামূলক ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে অন্ত দপ্তরের বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ নিয়ন্ত্রণ:

- ক) দুর্নীতিমুক্ত অফিস নিশ্চিতকরণে সকল সেবা অটোমেশন করা এবং ব্যক্তিগত স্বার্থ পরিহারপূর্বক আন্তসমালোচনা করে দুর্নীতিমুক্ত পরিবেশে দাপ্তরিক কাজ সম্পাদন করা;
- খ) কর্ম পরিবেশ উন্নতকরণে সকল কর্মকর্তা/কর্মচারীকে দাপ্তরিক নথি, কেবিনেট, কম্পিউটার ডেস্ক পরিষ্কার পরিচ্ছন্ন ও সুবিন্যস্ত রাখা এবং প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে তার কর্ম জায়গাটুকু নিজ দায়িত্বে পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুবিন্যস্ত রাখা;
- গ) সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী প্রদত্ত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদান করা;
- ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দাপ্তরিক কাজে ব্যবহৃত সফটওয়্যারগুলোর সাইবার সিকিউরিটি নিশ্চিত করা;
- ঙ) রাষ্ট্রীয় সম্পদের সর্বত্তোম ব্যবহার নিশ্চিতকরণে বিদ্যুৎ, পানির অপচয় রোধে অফিস ত্যাগের পূর্বে অবশ্যই কম্পিউটার, ফ্যান, এসি, লাইটের সুইচ ও পানির ট্যাপ বন্ধ রাখা।

২। এমতাবস্থায়, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ২০২০-২০২১ অর্থ বছরের নৈতিকতা কমিটির ৪র্থ সভা ও সচেতনতামূলক ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বেনাপোল স্থলবন্দরের জন্য বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

মুজিবুর হোসেন
মো: মনিরুজ্জামান
উপসচিব
পরিচালক (ট্রাফিক)
বেনাপোল স্থলবন্দর, যশোর।

কর্মকর্তা/কর্মচারী (সকল)
বেনাপোল স্থলবন্দর, যশোর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থ

- ১। একান্ত সচিব, বাস্তবক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অফিস কপি।